



চট্টগ্রাম : রাউজানের গহিরা আলীয়া মাদ্রাসা কেন্দ্রে নকলসহ আটক ছাত্ররা মাদ্রাসার মাঠে প্রতিমন্ত্রী এহসানুল হক মিলনের পায়ে ধরে ক্ষমা চাচ্ছে - ইত্তেফাক

**শিক্ষা প্রতিমন্ত্রী**  
(গেহ পৃঃ পর)

পরীক্ষার্থীরা। শিক্ষা প্রতিমন্ত্রী আনম এছানুল হক মিলন স্বয়ং এই দৃশ্য অবলোকন করেছেন। রাউজানে থেকে ঘুরে এসে ইন্সফরমের চট্টগ্রাম অফিস থেকে রিপোর্টার সালাহউদ্দিন মোঃ বেলা: জানান : এইচএসসি ও মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার প্রথম দিনে গতকাল বৃহস্পতিবার চট্টগ্রামে মাদ্রাসার ছাত্ররা নকলের মহোৎসবের মধ্য দিয়ে তাদের পরীক্ষা শুরু করেছেন। নকলের বিরুদ্ধে জেহাদ ঘোষণাকারী শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন উক্ত চট্টগ্রামের রাউজান এলাকায় মাদ্রাসার ছাত্রদের পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করে নকলের ইতিহাস চিত্র দেখে বিবিত্ত হয়েছেন। তিনি আশ্চর্য হয়েছেন কোরআন মজিদ পরীক্ষায় জাঙ্গিয়ার ভিতর থেকে নকল বের করার অদ্ভুত দৃশ্য দেখে। প্রতিমন্ত্রী মিলন মাদ্রাসার ত্রিপিপাসকে বিচার দিয়ে বলেছেন, আপনি পিতার তুফা ফুরকী, আপনি মানুষকে আদর্শের কথা বলেন অথচ দেখা যাচ্ছে আপনিই তাদেরকে নকলের সুযোগ করে দিয়েছেন। শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন গহিরা আলীয়া মাদ্রাসা কেন্দ্র পরিদর্শনে এসে উক্ত কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত ত্রিপিপাসকে উদ্দেশ করে উপরোক্ত কথাগুলো বলেন। প্রতিমন্ত্রী মিলন উক্ত কেন্দ্র থেকে ২৫ জনকে নকলসহ ধরেন এবং পুণিপের নিকট সোপর্দ করে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা এ্যাট অনুযায়ী তাদের বিরুদ্ধে মামলা দায়েরের নির্দেশ দেন।

গহিরা ইসলামিয়া মাদ্রাসা কেন্দ্র থেকে নকলসহ যে সকল কৃত্রিমক আটক করা হয়েছে তারা হচ্ছে দারুল ইসলাম মাদ্রাসার কামালউদ্দিন, মাকসুদ, সরওয়ার, ওয়াসুদিয়া মাদ্রাসার জাহির উদ্দিন, ইউসুফ, গর্জনিয়া মাদ্রাসার শিহাব উদ্দিন, মামুন, মাসুদ, সরুতা মাদ্রাসার আবদুল সত্তার, গহিরা মাদ্রাসার নূরুল ইসলাম, মোহাম্মদ জাকের, সাইফুদ্দিন, আফজাল হোসেন, রেদওয়ান, নূর হোসেন, নজরুল ইসলাম, ইদ্রিস, হতেপুর মাদ্রাসার হোসেনুজ্জামান, জাকির, শাহাবুদ্দিন, সালাউদ্দিন, অজিত উদ্দিন প্রমুখ।

**বদলায়নি মাদ্রাসার পরিবেশ**  
**শিক্ষা প্রতিমন্ত্রী স্বয়ং নকলের**  
**মহোৎসব প্রত্যক্ষ করলেন**

ইত্তেফাক রিপোর্ট : এইচএসসি পরীক্ষায় নকল প্রবণতা কমলেও মাদ্রাসার আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার অপ্রীতিকর, অশোভন দৃশ্যের পরিবর্তন হয়নি। গতকাল দেশের বিভিন্ন স্থানে মাদ্রাসার পরীক্ষায় আগের মতই নকলের মহোৎসব হয়েছে। পবিত্র কোরআন মজিদ পরীক্ষায় জাঙ্গিয়ার ভেতর নকল রেখে পরীক্ষা নিয়েছে মাদ্রাসার (১৯শ পৃঃ ২-এর কঃ ৫ঃ)